দৈনিক
ইনকিলাব

11 DEC 2006

# জাবিতে ১৩ ডিসেম্বর থেকে দেশের সর্ববৃহৎ বিতর্ক প্রতিযোগিতা

জাবি সংবাদদাতা : 'শব্দ কথায় সাহস করে দাঁড়াই ঘুরে আজ' এই শ্লোগানকে সামনে রেখে আগামী ১৩ থেকে ১৫ ডিসেম্বর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে দেশের বিতর্ক ইতিহাসে সর্ববৃহৎ আয়োজন আর্টিজান সিরামিক কাপ ১ম এনডিএফ বিডি আন্তঃবিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজ বিতর্ক চ্যাম্পিয়নশীপ-০৬। বিতর্কের কেন্দ্রীয় সংগঠন ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশের সার্বিক সহযোগিতা ও তত্ত্বাবধানে এবং জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি ডিবেট অর্গানাইজেশন-এর আয়োজনে এ বিতর্ক প্রতিযোগিতায় দেশের প্রায় সকল সরকারী, বেসরকারী বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজের অর্ধ-শতাধিক দল অংশগ্রহণ করবে বলে জানান জাহাঙ্গীনগর ইউনিভার্সিটি ডিবেট অর্গানাইজেশন (যুক্ত)-এর সভাপতি আব্দুল্লাহ আহমেদ চৌধুরী মামুন।

এছাড়া ৪ দিনব্যাপী এই বর্ণাঢ্য বিতর্ক আয়োজনে থাকছে ১২ ডিসেম্বর ব্রিফিং সেশন ও পিঠা উৎসব, ১৩ ডিসেম্বর বিতর্ক র‍্যালি, উদ্বোধনী অনুষ্ঠান, প্রথম আলোর সহযোগিতায় মাদকবিরোধী সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান, ১৪ ডিসেম্বর বিতর্ক ছাড়াও থাকবে আনন্দ ভ্রমণ, ১৫ ডিসেম্বর থাকবে সেমিনার, বারোয়ারী ফাইনাল বিতর্ক। সমাপনী অনুষ্ঠান এবং সাংস্কৃতিক অনুষ্ঠান।